ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৯০১
আগরতলা,২০ নভেম্বর,২০২৫

## প্রাকৃতিক ভারসাম্য বজায় রেখে কৃষকদের বিভিন্ন লাভজনক চাষের দিকে মনোযোগী হতে হবে : বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী

প্রাকৃতিক ভারসাম্য বজায় রেখে আধুনিক প্রযুক্তি কাজে লাগিয়ে কৃষকদের বিভিন্ন লাভজনক চাষের দিকে মনোযোগী হতে হবে। এতে একদিকে যেমন পরিবেশের ভারসাম্য বজায় থাকবে তেমনি বিভিন্ন পণ্যের উৎপাদনও বৃদ্ধি পাবে। আজ প্রজ্ঞাভবনে কৃষির উপর দু'দিনের এক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন করে বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা একথা বলেন। সম্মেলনের বিষয়বস্তু হচ্ছে 'টেকসই পাহাড়ি চাষের জন্য প্রচেষ্টা : ভবিষ্যতের জীবিকা নিশ্চিত করা এবং পরিবেশের ভারসাম্য বজায় রাখা'। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশমন্ত্রী বলেন, মানব সভ্যতা টিঁকে থাকার প্রশ্নেই পরিবেশের ভারসাম্য বজায় রাখার বিষয়টি সবচেয়ে জরুরি হয়ে পড়েছে। অন্যদিকে, কৃষির সঙ্গে গ্রামীণ অর্থনীতির বিকাশের বিষয়টি অঙ্গাঙ্গীভাবে জড়িয়ে রয়েছে। তাই কৃষকদের এই দুটি বিষয়ে ভারসাম্য বজায় রেখেই এগিয়ে যেতে হবে। ত্রিপুরায় প্রথমবারের মতো এ ধরনের অনুষ্ঠান আয়োজন করার জন্য তিনি আই.সি.এ.আর.-কে ধন্যবাদ জানিয়েছেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক জিতেন্দ্র মজুমদার কৃষকদের সমাজের পরম বন্ধু হিসেবে আখ্যায়িত করে বলেন, রাজ্যে উৎপাদিত বিভিন্ন পণ্য আজ বহির্বিশ্বেও সমাদৃত হচ্ছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আই.সি.এ.আর.-এর এন.ই.এইচ. অঞ্চলের পরিচালক উইলিয়াম ড. সমরেশ হাজারিকা, ত্রিপুরা টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আর. কে. সাহা, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শ্যামল দাস, এ.এ.ইউ. জোরহাটের প্রাক্তন উপাচার্য ড. কে.এম. বুজারবোরা, আই.সি.এ.আর.-এর নয়াদিল্লির প্রাক্তন ডি.জি.জি. প্রমুখ।

*****